# জন্মভূমিকে

–সেলিম মুস্তাফা

যত ঠিকানা লেখা সবই নিজের,
চিঠি ফিরে আসে নিজেরই কাছে, বিষন্ন
ক্লান্ত সব চিঠি !

চিঠির ভেতর খুব মূল্যবান নয়-
ঠিকানাও নয়,
তবু লেখা, আর
        চিঠিদের ফিরে ফিরে আসা !

গাছেদের ফাঁকে ফাঁকে
সহসা মুখ তুলে আকাশকে দেখা

গাছেরা হয়তো
ঠারেঠুরে হাসেও কখনো,
শিকড়ে-বাকড়ে তাদের নিভৃত অনুভব-
কত চিঠি ঝরে যায় প্রতিদিন পাতায় পাতায়
প্রতিদিন
        আলো আর ছায়ার খেলা;

সব ক'টা চিঠি নিয়ে
একটা একটা কাগজের নৌকো
ভাসিয়ে দিলাম কুশিয়ারার জলে

নাও চলিল ঢেউ চলিল